

এমবিবিএস ভর্তি পরীক্ষার ফল প্রকাশ আজ অথবা কাল

নিজস্ব প্রতিবেদক >

আগের বছরগুলোর তুলনায় ২০১৬-১৭ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। গত শুক্রবার সারা দেশের ১৮টি সরকারি মেডিক্যাল কলেজ কেন্দ্রের ৩৭টি ভেন্যুতে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ বা আগামীকালের মধ্যে ফল প্রকাশ করা হবে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। এ বছর এমবিবিএসে সরকারি মেডিক্যাল কলেজে তিন হাজার ২১২ ও বেসরকারি কলেজে ছয় হাজার ২০৫ আসন রয়েছে। মোট পরীক্ষার্থীর ছিল সংখ্যা ৯০ হাজার ৪২৬ জন। পরীক্ষার প্রস্তুতির নিরাপত্তায় এবারই প্রথম বিশেষ ডিজিটাল ডিভাইস ব্যবহার করা হয়। অন্যদিকে বিডিএস (ডেন্টাল) ভর্তি পরীক্ষা আগামী ৪ নভেম্বর অনুষ্ঠিত হবে। এদিকে ফেসবুকের মাধ্যমে ভুল প্রমাণ ফাঁসের চেষ্ঠার সঙ্গে জড়িত থাকার অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশের গোয়েন্দা বিভাগ।

স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ জানান, এ বছর পরীক্ষার প্রস্তুতি প্রণয়ন ও বহন থেকে শুরু করে তালাবন্ধ ট্রাংক খোলা পর্যন্ত বিশেষ ধরনের স্ট্যাকিং ডিভাইস সংযোগ রাখা হয়েছিল। এর কোনো পর্যায়ে কোনোরকম অনিয়মের চেষ্ঠা করলেই স্বয়ংক্রিয়ভাবে সিগন্যাল পাওয়া যেত। কিন্তু খুবই স্বস্তির বিষয় হচ্ছে এবার এই পদ্ধতির ফলে কোনোরকম ব্যত্যয় ঘটেনি। এ ছাড়া মন্ত্রণালয় থেকে শুরু করে অধিদপ্তরের কর্মকর্তারা এবং শিক্ষাবিদ, সাংবাদিক, লেখকদের সমন্বয়ে গঠিত বিভিন্ন পর্যায়ের টিম সারা দেশের বিভিন্ন কেন্দ্র পর্যবেক্ষণ করেছে।

স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (ডিকিৎসা শিক্ষা) অধ্যাপক ডা. আব্দুর রশিদ কালের কণ্ঠকে বলেন, রবি বা সোমবারের মধ্যেই ফলাফল ঘোষণা করা হবে। ফলাফলে যাতে কোনো রকম ত্রুটি-বিচ্যুতি না থাকে সে জন্যই একটু সময় নেওয়া হচ্ছে। তিনি জানান, আবেদনকারী ৯০ হাজার ৪২৬ জন থাকলেও এর মধ্যে সাড়ে তিন হাজার আবেদনকারী অনুপস্থিত ছিলেন।